# Kkalpana Industries (India) Limited

Date: 28th August, 2024

To,
The Manager,
Listing Department,
**Bombay Stock Exchange Limited,**
P.J. Towers, Dalal Street,
Mumbai – 400 001

**Ref: Scrip-526409**

**Sub: Newspaper Publication informing 39th Annual General Meeting (AGM) to be held through VC/OAVM**

Dear Sir/ Madam,

Pursuant to Regulation 30 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed the Copies of Advertisement published on 28.08.2024, in Business Standard (English-All India Edition) and Sukhabar (Bengali), giving Notice in respect to Annual General Meeting of the Company, informing inter-alia that:

a) The 39th AGM of the Company will be held on 27th September 2024 through Video Conferencing (VC)/ Other Audio-Visual Means (OAVM)
b) The Book Closure and Cut Off Dates
c) The manner to Update the E-mail Id
d) The Notice of AGM may be accessed from the Company's website and that of the Exchanges where the shares of the Company are listed
e) The Company is providing facility of Remote E-Voting and E-voting at the AGM and related instructions

Kindly take the aforesaid information on record and oblige.

Thanking You,

Yours faithfully,

For **Kkalpana Industries (India) Limited**

SWATI BHANSALI Digitally signed by SWATI BHANSALI
Date: 2024.08.28 12:41:29 +05'30'

Kkalpana Industries (India) Limited Kolkata - 71

**Swati Bhansali (Membership No. ACS 52755)**
**Company Secretary**

CC:
1. The Calcutta Stock Exchange Limited, 7 Lyons Range, Kolkata – 700 001

# উদ্দেশ্যপ্রণোদিতভাবেই সেমিনার হলের ভিডিও ভাইরাল হয়েছে : ডাঃ বিবেক ভক্ত



**বিপুন ভট্টাচার্য, বর্ধমান :** আর জি কর কাণ্ডে সেমিনার হলের যে ভিডিও (যার সত্যতা যাচাই করেনি সুখবর) ভাইরাল হওয়ায় রীতিমতো শোরগোল পড়ে গেছে তার পেছনে কোনো না কোনা অভিসন্ধি রয়েছে বলে মনে করছেন বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালের ডিপার্টমেন্ট অফ ফরেনসিক মেডিসিনের সিনিয়র রেসিডেন্ট ডাক্তার বিবেক ভক্ত। প্রসঙ্গত, ওই ভিডিওতে ডাক্তার বিবেক ভক্তকেও দেখা গেছে বলে অভিযোগ। সেমিনার হলে প্রচুর মানুষের উপস্থিতির কারণে প্রমাণ নষ্টের অভিযোগ তোলা হলেও সোমবার বিবেক ভক্ত বলেন, যে সময় তিনি সেখানে হাজির হন ওই সময় কম বেশি প্রায় ১৫০'র কাছাকাছি মানুষ হাজির ছিলেন। তবে তাঁরা প্রত্যেকেই পুলিশের করে দেওয়া নির্দিষ্ট বেষ্টনীর বাইরে ছিলেন। এদিকে, ওই ভাইরাল ভিডিও নিয়ে রাজ্য জুড়ে তোলপাড় হওয়ায় সামাজিকভাবে তাঁকে অস্বস্তির মধ্যে পড়তে হচ্ছে বলে অভিযোগ জানিয়েছেন ডাঃ বিবেক ভক্ত। উল্লেখ্য, ভাইরাল ভিডিওতে দেখা গেছে, ঘটনার দিন মৃত তরুণী ডাক্তারের দেহ যেখানে পড়েছিল সেই সেমিনার রুমের একটা অংশে অনেক লোক ভিড় করেছে। ডাঃ সন্দীপ ঘোষ সহ অনেক ডাক্তারকেই সেমিনার রুমের মধ্যে দাঁড়িয়ে থাকতে দেখা গেছে। এমনকী সেখানে পুলিশকেও দেখা যাচ্ছে। ওই ভিড়ের মধ্যেই দাঁড়িয়ে থাকতে দেখা যায় বর্ধমান মেডিক্যালের ডিপার্টমেন্ট অফ ফরেন্সিক মেডিসিনের সিনিয়র রেসিডেন্ট ডাক্তার বিবেক ভক্তকে। ঘটনার পরপরই ঘটনাস্থলের কাছাকাছি এধরনের জমায়েত নিয়ে নানা প্রশ্ন উঠতে শুরু করেছে। কী কারণে এত লোক ওই সেমিনার রুমে জড়ো হয়েছিলেন তা নিয়েই যে প্রশ্ন উঠেছে সে ব্যাপারেই এদিন মুখ খুলেছেন ডাঃ বিবেক ভক্ত। তিনি বলেন, 'আমি কলকাতাতেই ছিলাম। ১জন জুনিয়র ডাক্তারের কাছ থেকে এই খবর পাওয়ার পর সঙ্গে সঙ্গে নিজের কলেজে ছুটে যাই। আর জি কর থেকে ২০২২ সালে পাস আউট করেছি। প্রাক্তন কলেজের টানেও বলতে পারেন সেখআনে ছুটে যাই। তবে ওইদিন ঘটনাস্থল থেকে নির্দিষ্ট দূরত্বেই দাঁড়িয়েছিলাম। সেখানে প্রমাণ লোপাটের কোনো প্রশ্নই আসে না। আমি নিজেও বিচার চেয়ে পথে নেমেছি। কেউ বা কারা উদ্দেশ্যপ্রণোদিতভাবে এধরনের ভিডিও ভাইরাল করে ঘটনাকে অন্যরকমের মোড় দেওয়ার চেষ্টা করছে। যা খুবই নিন্দাজনক। এর প্রভাব আমাদের মতো সাধারণ পরিবারের ওপর পড়ছে। আমার আশপাশে যাঁরা ওই সময় উপস্থিত ছিলেন তাঁদের অনেককেই আমি চিনি না। তবে কলেজে পড়াকালীন সন্দীপ ঘোষ অধ্যক্ষ হিসাবে যোগ দেন, তাই তাঁকে চিনি। এই ছবি এতদিন পরে কেন ছাড়া হল তা যথেষ্ট সন্দেহের অবকাশ রাখে।'

# হালিশহরের তৃণমূল কাউন্সিলরের বিরুদ্ধে গুলি ছোড়ার অভিযোগ



**প্রতীতি ঘোষ, বারাকপুর :** সোমবার রাতে হালিশহর পুরসভার ১৯নং ওয়ার্ডের তৃণমূল কংগ্রেসের কাউন্সিলর অশোক যাদবের প্রকাশ্যে নিজের লাইসেন্স প্রাপ্ত বন্দুক উঁচিয়ে ২ রাউন্ড গুলি ছোড়েন বলে অভিযোগ ওঠে। ওই গুলি ছোড়ার ভিডিও সামাজিক মাধ্যমে ভাইরাল হয়ে যায়। তবে কাউন্সিলর অশোক যাদব তা পুরোপুরি অস্বীকার করে মঙ্গলবার বলেন, 'জন্মাষ্টমীর রাতে আনন্দ উৎসব চলছিল। আমাদের ওই ওয়ার্ডে জন্মাষ্টমী উপলক্ষে বাজি ফাটানো হয়। সবাই বাজি ফাটিয়ে আনন্দ করছিল। আমার কাছে যেহেতু লাইসেন্সড পিস্তল আছে, তাই আমার ওয়ার্ডের আমার সহকর্মীরা আমাকে সেসময় বলে ২ রাউন্ড গুলি ছুড়তে। আনন্দ উৎসবের মধ্যে বাজি ফাটানোর পাশাপাশি বারবার আমার ব্যক্তিগত বন্দুক দিয়ে গুলি ছোড়ার আবেদন করতে থাকে। তাই আমি গুলি ছুড়ি। প্রতি বছর আমাদের এখানে জন্মাষ্টমীতে বাজি ফাটে। তবে এবার সকলের অনুরোধে গুলি ছুড়েছি। তবে এটা আমার লাইসেন্স প্রাপ্ত আগ্নেয়াস্ত্র।' অন্যদিকে, হালিশহর পুরসভার পুরপ্রধান শুভঙ্কর ঘোষ এ প্রসঙ্গে বলেন, 'ওই কাউন্সিলরের সঙ্গে আমাদের কোনো কথা হয়নি। তবে গোটা বিষয়টি নিয়ে কথা বলা হবে। তবে কেন উনি ওঁর লাইসেন্সড রিভলভার থেকে গুলি চালালেন, তা প্রশাসন তদন্ত করে দেখবে।'

# বন্‌ধ প্রত্যাহারের দাবিতে পথে টিএমসিপি

**অলক আচার্য, নব বারাকপুর :** বিজেপির ১২ ঘণ্টা বাংলা বন্‌ধ প্রত্যাহারের দাবিতে ও বুধবার রাস্তাঘাট, দোকান বাজার যানবাহন সচল রাখতে পথে নামে নব বারাকপুর শহর তৃণমূল ছাত্র পরিষদ। এদিকে, আজ বুধবার ধর্মতলায় তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসে গান্ধী মূর্তির পাদদেশে ঐতিহাসিক ছাত্র সমাবেশ রয়েছে। ওই সমাবেশ সফল করতে মঙ্গলবার বিকেলে নব বারাকপুর শহর তৃণমূল ছাত্র পরিষদের উদ্যোগে এক পদযাত্রা হয়। সাজিরহাট আচার্য প্রফুল্লচন্দ্র কলেজ ও পশ্চিম কোদালিয়া প্রফুল্লচন্দ্র মহাবিদ্যালয়ের কয়েকশো পড়ুয়া, তৃণমূল ছাত্র পরিষদের কর্মী ও নেতৃত্বরা মিছিলে অংশ নেন। আর জি কর কাণ্ডে দোষীদের শাস্তির দাবিতে ও সিবিআইয়ের তদন্তের গতিপ্রকৃতি নিয়ে মিছিল থেকে গর্জে ওঠেন তৃণমূল ছাত্র পরিষদের কর্মীরা। একইসঙ্গে বিজেপির বাংলা বন্‌ধ প্রত্যাহার করতেও পথে নামে তৃণমূল ছাত্র সমাজ।

**TENDER NOTICE**

Sealed Tenders are invited for NIT No-BGP/5th.SFC(Tied)/NIT/698 Dated -27/08/2024 from bonafide bidders. Last date of dropping on 03/09/2024 up to 5.30 PM from bonafide bidders
Follow the official website **www.wbtenders.gov.in** for details .

Sd/-
**Prodhan**
**Bogpur Gram Panchayet**
**Purbasthali-1 Panchayet Samity**
**Post- Chakbamangoria**
**Dist- Purba Bardhaman**

**NOTICE INVITING E-Tender**

NIeT is hereby invited on behalf of the **Chairman, Taki Municipality vide e-tender for work "Two (02) nos. of Toilet Repairing works under Taki Municipality"** vide **NIeT No-14/WBMAD/TM/23-24, Dated-27/08/2024 (3rd Call).** Bid opening starts from **28/08/24 at 12:00 pm.** Last date of receiving application: **04/09/24 up to 12 p.m.**
For details please contact Taki Municipality and visit www.takimunicipality.in

**SD/-**
**Chairman**
**Taki Municipality**

**CHANGE OF NAME**

আমি, Mira Biswas W/o Sisir Kumar Biswas, গ্রাম + পো : বিষ্ণুপুর, থানা : মাড়গ্রাম, জেলা : বীরভূম। Union Bank of India, Bishnupur Branch-এর Bank A/c-এ আমার নাম রেকর্ড হয়েছে Mira Rani Biswas W/o Sisir Kumar. গত ০৬.০৮.২০২৪, বীরভূম জেলার রামপুরহাট কোর্টে নোটারি পাবলিক কর্তৃক এফিডেভিট দ্বারা ঘোষণা করছি যে, Mira Biswas W/o Sisir Kumar Biswas এবং Mira Rani Biswas W/o Sisir Kumar এক এবং অভিন্ন ব্যক্তি।

আমি, Nargis Begum W/o Golam Mortuza, D.O.B. 12/01/1981, গ্রাম : কাপাসডাঙ্গা, পো : ভাড়কাটা, থানা : মহম্মদ বাজার, জেলা : বীরভূম, পশ্চিমবঙ্গ - ৭৩১২১৬। গত ২০.০৮.২০২৪, বীরভূম জেলার রামপুরহাট কোর্টে নোটারি কর্তৃক এফিডেভিট দ্বারা ঘোষণা করছি যে আমি Nargis Begum W/o Golam Mortuza এবং Nargis Begam এক এবং অভিন্ন ব্যক্তি।

**নোটিশ**

বিগত ইং ২৬/০৪/২০২৩ তারিখে আমতা এ্যাঃ ডিঃ সাব রেজিষ্ট্রী অফিসের ২১৭২ নং আমমোক্তারনামা দলিল মূলে সাবসীব নিবাসী লিখিতং ১। সেখ আক্তার আলি ২। সেখ আরেফুল আনোয়ার উভয়ের পিতা মৃত সেখ মনতাজ আলি সাং পশ্চিম খালনা নিবাসী শ্রী উৎপল হাইত পিতা শ্রী অশোক হাইত কে জয়পুর থানা দক্ষিন জয়পুর মৌজায় সাবেক (আর.এস) ৩১ নং খতিয়ানে হাল এল.আর. সেটেলমেন্টে ২০৯১ নং খতিয়ানে সাবেক (আর.এস) ১২১৪ হাল (এল.আর) ৯২৬ দাগ ও সাবেক (আর.এস) ১২১৫ হাল (এল.আর) ৯২৭ দাগে মোট ৮৬.৬৬ শতক সম্পত্তিতে আমমোক্তার নিযুক্ত করে ইং ১৫/০১/২০২৪ তারিখে ২৪৪ নং রেজিষ্ট্রীকৃত কোবালা দলিল মূলে শ্রী কৌশিক মাজী কে সম্পত্তি বিক্রয় করেন। উক্ত নোটিশের বিরুদ্ধে যদি কারও কোনও আপত্তি থাকে তারা B L & L R O Amta-2 অফিসে আপনাদের আপত্তি ১ (এক) মাসের মধ্যে দশাইবে।

**UTTAM KUMAR HAJRA**
**Advocate**
**Amta Court**

# ছাত্র সমাজের নাম করে বিজেপি নেতাদের নবান্ন অভিযান নিয়ে তৃণমূলের কটাক্ষ




**নিজস্ব সংবাদদাতা, বর্ধমান :** ছাত্র সমাজের নাম করে মঙ্গলবার নবান্ন অভিযানে গেলেন বর্ধমান জেলা বিজেপির সভাপতি অভিজিত তা, প্রাক্তন জেলা সভাপতি সন্দীপ নন্দী সহ এক ঝাঁক বিজেপি নেতৃত্ব। আর তা নিয়েই রীতিমতো কটাক্ষ করেছে তৃণমূল কংগ্রেস। মঙ্গলবার দিনভর নবান্ন অভিযান নিয়ে রাজ্য জুড়ে তোলপাড় অবস্থার মাঝেই বর্ধমানের এই চিত্র নিয়ে রীতিমত চর্চা তুঙ্গে উঠেছে। সরাসরি বিজেপি এই অভিযানে শামিল না হলেও মঙ্গলবার সকালে বিজেপি নেতাদের নবান্ন অভিযানে রওনা নিয়ে তৃণমূলের নেতারা বলেন, শেষ পর্যন্ত মুখোশ খুলেই পড়ল বিজেপি নেতাদের। উল্লেখ্য, এদিন বর্ধমান জেলা থেকে ছাত্র সমাজের নাম করে যাঁরা কলকাতা অভিমুখে রওনা দিয়েছেন তাঁদের অনেকেই এলাকার বিজেপি নেতা বলে পরিচিত। এনিয়ে তৃণমূলের মুখপাত্র প্রসেনজিৎ দাস বলেন, 'আর জি কর কাণ্ড নিয়ে বিজেপি, সিপিএম গোপন আঁতাত করে বাংলাকে যে অশান্ত করতে চাইছে এদিনের বিজেপি নেতাদের নবান্ন অভিযানেই তা স্পষ্ট হয়ে উঠেছে। শেষ পর্যন্ত মুখোশের আড়ালে আর থাকতে না পেরে বেরিয়ে পড়েছে।' অন্যদিকে, বিজেপির ডাকা বুধবারের ১২ ঘণ্টা বাংলা বন্‌ধকে ঘিরে এদিন সন্ধ্যে থেকেই তৃণমূল কংগ্রেসের নেতা-কর্মীরা এলাকায় এলাকায় দোকান খোলা রাখা, জনজীবন স্বাভাবিক রাখার আবেদন জানাতে শুরু করেছেন। কোথাও কোথাও চড়া সুরেই দোকান খোলা রাখার জন্য হুমকিও দেওয়া হচ্ছে বলে অভিযোগ উঠেছে।

# দুর্গাপুরের ইসকন মন্দিরে জন্মাষ্টমীর ভিড়

**সুবীর রায়, দুর্গাপুর :** প্রতিবছরই জন্মাষ্টমীতে দুর্গাপুরের ইসকন মন্দিরে ভক্তদের এবছর ছিল ভগবান শ্রীকৃষ্ণের ৫২৫০তম জন্মতিথি। এবছর মন্দির কমিটি তাদের প্রচারে দাবি করেছিল শ্রীকৃষ্ণের আবির্ভাব তিথিতে মন্দিরে ৩০-৪০ হাজার মানুষের ভিড় হবে। আর সেটাই হয়েছে। গত কয়েকদিন ধরে দক্ষিণবঙ্গ জুড়ে ব্যাপক ঝড়-বৃষ্টি চলছে। তার মধ্যেও সোমবার বিকেল থেকেই শ্রীকৃষ্ণ ভক্তদের ভিড় বাড়তে থাকে। অবস্থা এমন হয় যে নিরাপত্তার জন্য মন্দির কমিটিকে পুলিশের সাহায্য নিতে হয়। বছর ১ লাখ ১ হাজার ১০৮টি লাড্ডু ভক্তদের মধ্যে বিলি করা হয়।

# কাজোরায় চাকরির দাবিতে ধরনা

**অগ্নি বন্দ্যোপাধ্যায়, অণ্ডাল :** ইসিএলের কাজোরা এরিয়ার ইস্ট পরাশকোল কোলিয়ারিতে চাকরিতে নিয়োগের দাবিতে খনির চাণকের ওপর ধরনায় বসেন মৃত শ্রমিক লক্ষ্মীরাম মাঝির স্ত্রী বেদনা মাঝি। লক্ষ্মীরাম মাঝি ইসিএলের ইস্ট পরাশকোল কোলিয়ারিতে কাজ করতেন। ১০ বছর আগে তিনি মারা যান। সংস্থার নিয়ম অনুযায়ী, চাকরিতে নিয়োগের দাবি জানান মৃত শ্রমিকের স্ত্রী বেদনা মাঝি। তিনি বলেন, 'স্বামীর মৃত্যুর পর নিয়ম অনুযায়ী সব কাগজপত্র জমা দিয়ে চাকরিতে নিয়োগর দাবি জানাই। তবে ১০ বছর পেরিয়ে গেলেও এখনো নিয়োগপত্র পাইনি। তাই মঙ্গলবার ধরনায় বসি।' এদিকে চাণকের ওপর ধরনায় বসার কারণে বন্ধ হয়ে যায় কোলিয়ারির উৎপাদন। ধরনা চলে সকাল ৮টা থেকে ৯টা পর্যন্ত। পরে কর্তৃপক্ষের আশ্বাসে বেদনা মাঝি ধরনা প্রত্যাহার করে নেন। তৃণমূল প্রভাবিত শ্রমিক সংগঠন কেকেএসসি বেদনা মাঝির সমর্থনে পাশে দাঁড়ায়।

**যূকো বैंक UCO BANK**
(A Govt. of India Undertaking)

**এমবি লেন শাখা (০২৯২)**
১৭৩, জি.টি. রোড, মসজিদ বাড়ি লেন,
আসানসোল - ৭১৩৩০১,
জেলা : পশ্চিম বর্ধমান

**দখল বিজ্ঞপ্তি** (স্থাবর সম্পত্তির জন্য) পরিশিষ্ট-IV, রুল-৮(১)

যথারীতি, সিকিওরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিওরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, {২০০২} এর নিয়মানুযায়ী নিযুক্ত ১৩(২) নং সেকশন ও সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ এর ৮ নং রুল অনুযায়ী প্রাপ্ত ক্ষমতা প্রয়োগে **ইউকো ব্যাঙ্কের এমবি লেন শাখার শাখার** অনুমোদিত আধিকারিক ঋণগ্রহণকারীকে দাবি বিজ্ঞপ্তি পাঠিয়ে বিজ্ঞপ্তিটি প্রকাশিত হওয়ার ৬০দিনের মধ্যে সুনির্দিষ্ট ঋণ, আনুষাঙ্গিক ব্যয়, কষ্ট ও অন্যান্য চার্জ সহ মোট বকেয়া শোধ করার আহ্বান জানিয়েছিলেন। ঋণগ্রহণকারী / জামিনদার উক্ত অর্থাঙ্ক পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন ও সেই কারণে ঋণগ্রহণকারী / জামিনদার ও জনসাধারণের উদ্দেশ্যে জানানো হচ্ছে যে, নিম্নোক্ত স্বাক্ষরকারী নীচে বর্ণিত সম্পত্তিটি উল্লিখিত অ্যাক্টের ১৩নং সেকশনের ৪ নং সাব-সেকশন সহ সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুল, ২০০২ এর ৮ নং ধারা বলে নীচে উল্লিখিত তারিখে অধিগ্রহণ করেছে। বিশেষভাবে ঋণগ্রহণকারী ও সার্বিকভাবে জনসাধারণকে সতর্ক করা হচ্ছে যে, কেউ যেন উক্ত সম্পত্তি নিয়ে কোনো ব্যবসায়িক কার্যকলাপ না করে, নচেৎ **ইউকো ব্যাঙ্ক এমবি লেন শাখা,** প্রাপ্য বকেয়া সহ উক্ত অর্থাঙ্কের ওপর আনুষঙ্গিক ব্যয়, খরচ ও চার্জ দাবি করবে। **উপরোক্ত বিবৃত আইনের সেকশন ১৩-এর সাব-সেকশান ৮ অনুযায়ী ঋণগ্রহণকারী জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, উক্ত সময়ের মধ্যে বন্ধক রাখা সম্পদ সুনিশ্চিত করুন।**

| ঋণগ্রহণকারী / জামিনদারের নাম ও ঠিকানা | স্থাবর / অস্থাবর সম্পত্তির বিবরণ | ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখল বিজ্ঞপ্তির তারিখ গ) প্রাপ্য বকেয়া |
|---|---|---|
| ১. **ঋণগ্রহণকারীগণ : ন্যাশনাল বডি সেন্টার স্বত্বাধিকারী : শ্রী আবদুল রাকিব** অটো মার্কেট, রামবন্ধু তলব, আসানসোল, জেলা : পশ্চিম বর্ধমান **জামিনদার : শ্রীমতি মুস্তারি খাতুন** স্বামী : শ্রী আবদুল রাকিব অটো মার্কেট, রামবন্ধু তলব, আসানসোল, জেলা : পশ্চিম বর্ধমান | বন্ধকী সমতুল সম্পত্তিটি কমবেশি ১২৭৮ বর্গফুট এলাকা বিশিষ্ট দ্বিতল বসত বাড়ি সহ ২ কাঠা এলাকা বিশিষ্ট জমি যেটি রাজাপাড়া, গৌর মণ্ডল রোড বাই লেন, আসানসোল, থানা : আসানসোল দক্ষিণ, সিএস খতিয়ান নং - ২৬৫, আরএস খতিয়ান নং - ৫২৭৯, সিএস প্লট নং - ৯৯৩, আরএস প্লট নং - ৮৭৬১, জেএল নং - ২০, মৌজা : আসানসোল পুরসভা, জেলা : পশ্চিম বর্ধমান, পিন - ৭১৩৩০১-তে নিবন্ধীকৃত। ১৭.১০.২০০০ তারিখে ২০০০ সালের টাইটেল ডিড নং - I-৫৩২৫ অনুযায়ী সম্পত্তিটির বর্তমান মালিক আবদুল রাকিবের স্ত্রী মুস্তারি খাতুন। | ক) ২১.০৫.২০২৪ খ) ২১.০৮.২০২৪ গ) ২১.০৫.২০২৪ তারিখের হিসাবে ৮,৪৭,৪৮০.৮০ **টাকা** (আট লাখ সাতচল্লিশ হাজার চারশ আশি টাকা ও আশি মাত্র) এবং এরপর সুদ, আনুষাঙ্গিক ব্যয়, কষ্ট ও চার্জ সহ। |

তারিখ : ২৮.০৮.২০২৪, স্থান : আসানসোল, পশ্চিম বর্ধমান
অনুমোদিত আধিকারিক, ইউকো ব্যাঙ্ক

# বর্ধমান পুরসভার তৈরি ৩তলা সেল্টার হোমে থাকতে চাইছেন না ভবঘুরেরা

**নিজস্ব সংবাদদাতা, বর্ধমান :** স্বাধীনতা দিবসের আগের দিনই বর্ধমান পুরএলাকার বেশ কয়েকটি জায়গায় সার্ভে করে ৭১জন ভবঘুরে তথা গৃহহীনকে পাওয়া যায়। তবে লাগাতার চেষ্টা করেও তাঁদের সবরকম সুবিধাযুক্ত সেল্টার ফর আরবান হোমলেসে রাখা যাচ্ছে না। আশ্চর্যের ব্যাপার ভবঘুরেরা ওই সেল্টার হোমে তাকতে চাইছে না। যা নিয়ে রীতিমত চিন্তিত বর্ধমান পুরকর্তৃপক্ষ তথা এসইউএইচের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক তাপস মাকড়। তিনি জানিয়েছেন, রাজ্য সরকারের উদ্যোগে এই প্রকল্প চালু হয়েছে। বর্ধমান পুরসভার উদ্যোগে এরমধ্যেই এই প্রকল্পে বর্ধমানের পুরোনো তিনকোণিয়া বাস স্ট্যান্ড এলাকায় ৩তলা ভবন তৈরি করা হয়েছে। রয়েছে ৫০জনের থাকার ব্যবস্থা। থাকছে খাবার ব্যবস্থাও। এরমধ্যেই এই প্রকল্পের উপভোক্তাদের খাবারের জন্য মা ক্যান্টিন পরিষেবাকে যুক্ত করা হয়েছে। ১৪ আগস্ট বর্ধমান শহরের স্টেশন এলাকা, বীরহাটা এলাকা ও তেজগঞ্জ বাইপাস এলাকায় সার্ভে করে ৭১জনকে চিহ্নিত করা হয়। এরপর তাঁদের ওই আবাসনে নিয়ে আসার জন্য চেষ্টা চালানো হচ্ছে। তবে ভবঘুরেরা থাকতে চাইছে না। তাপস মাকড়ে বলেন, '৫০ জনের থাকার ব্যবস্থা থাকলেও প্রতিদিন ৯-১০জন করে থাকছেন। সকাল ৭টা নাগাদ তাঁরা এখান থেকে বেরিয়ে যান। আবার রাত ৭টা নাগাদ ফিরে আসেন। এখানে প্রত্যেকের জন্য রয়েছে আলাদা খাট-বিছানা, আলমারি, বাসনপত্র। পুরুষ-মহিলা-বিশেষভাবে সক্ষমদের জন্য আলাদা আলাদা টয়লেটের ব্যবস্থা রয়েছে। এমনকী ২ ছেলেমেয়েকে নিয়ে কোনো পরিবার যাতে থাকতে পারে তেমন ব্যবস্থাও রয়েছে। এই প্রকল্পে খাওয়ার ব্যবস্থা নেই। তবে রাজ্যের নির্দেশে ৫% যা বর্ধমান পুরসভা একটু বাড়িয়ে ১০% করে মোট ১০ জনের দু'বেলার খাওয়ার ব্যবস্থা করেছে। বার্ধক্য বা কর্মক্ষম লোকদেরও রাতের খাওয়ার ব্যবস্থা করা হয়েছে। মাসে ১বার স্বাস্থ্য পরীক্ষারও ব্যবস্থা করা হয়েছে। এছাড়া প্রয়োজন অনুযায়ী কাছের স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসারও ব্যবস্থা রাখা রয়েছে। শুধু এটাই নয়, ৫০জন করে থাকলে তখন তাঁদের কর্মসংস্থানেরও ব্যবস্থা করা হবে।'

# মনোহরপুর রাজবাড়ি আর কাকরাজিৎ মন্দিরকে হেরিটেজ করার দাবি বিধায়কের



**সুমনকুমার দাস, খড়্গপুর :** পশ্চিম মেদিনীপুর জেলার দাঁতনের মনোহরপুর রাজবাড়ি ও কাকরাজিৎ মন্দিরকে হেরিটেজ ঘোষণার দাবি জানান দাঁতনের তৃণমূল বিধায়ক বিক্রমচন্দ্র প্রধান। এই দাবি জেলাশাসক মারফত রাজ্য প্রশাসনের কাছে তিনি পৌঁছে দেন। বিধায়ক ২১ আগস্ট মনোহরপুর রাজবাড়ি ও কাকরাজিৎ মন্দিরকে হেরিটেজ ঘোষণার জন্য পশ্চিম মেদিনীপুরের জেলাশাসক খুরশেদ আলি কাদেরিকে চিঠি পাঠান। জেলাশাসক দেরি না করে ২২ আগস্টই বিধায়কের এই প্রস্তাব বিবেচনার জন্য রাজ্যের সংশ্লিষ্ট দফতরে পাঠান। বিধায়কের পদক্ষেপে খুশি দাঁতনের বাসিন্দারা। প্রসঙ্গত, দাঁতনের মনোহরপুর রাজবাড়ির সঙ্গে জড়িয়ে রয়েছে ইতিহাস। দাঁতনের উত্তর রায়বাড়ে ষোড়শ শতাব্দীতে মনোহরপুর রাজাদের আধিপত্য ছিল। যার পথিকৃত ছিলেন আকবরের অন্যতম সেনানি মধ্য প্রদেশের বুন্দেলখণ্ডের লক্ষ্মীকান্ত উত্তর রাও ওরফে লছমিকান্ত উত্তর রাও। তিনি ১৫৭৫ সালে মোগল-পাঠান যুদ্ধে মোগল শাসক আকবরের সেনাদলে অংশ নিয়ে বীরত্ব দেখিয়েছিলেন। তাই মুঘল সম্রাট আকবর তাঁকে 'বীরবর' উপাধি দিয়েছিলেন। তবে দাঁতনের সুবর্ণরেখা নদী তীরবর্তী এলাকায় যুদ্ধ শেষে প্রাকৃতিক পরিবেশে মুগ্ধ হয়ে লক্ষ্মীকান্ত আর দেশে ফিরে যাননি। সেখানেই বসতি গড়ে তোলেন। গড়ে ওঠে রাজবংশ। স্থাপিত হয় ঘরবাড়ি। পরে তাঁরা মনোহরপুরে উঠে আসেন। এখানেই গড়ে ওঠে রাজপ্রাসাদ। এখনো সেই রাজপ্রাসাদে বাস করেন উত্তরসূরীরা। বাড়ির কিছু কিছু অংশ ভগ্নপ্রায়। একসময় সেখানে ছিল ৩তলা বিশিষ্ট নাট্যশালাও। এর সঙ্গে ইতিহাস জড়িয়ে রয়েছে। সেই ইতিহাস রক্ষার দাবি জানিয়েছেন দাঁতনের বাসিন্দারা। কাকরাজিতেও রয়েছে প্রাচীন মন্দির। একসময় দাঁতনের জেনকাপুরের রায় জমিদারদের জমিদারির অন্তর্ভুক্ত ছিল এই এলাকা। তাদের সময় গড়ে উঠেছিল মন্দির। এখন নতুন করে বিশাল মন্দির গড়ে উঠেছে। তবে অনেকেই মনে করেন কাকরাজিৎ হয়ে চৈতন্যদেব পুরী গিয়েছিলেন। এখানে চৈতন্যের বিগ্রহ আছে। বিধায়ক বলেন, 'প্রাচীন ও ২টি স্থাপত্যের ঐতিহাসিক গুরুত্ব রয়েছে। এগুলো হেরিটেজের দাবি রাখে। এলাকার মানুষ অনেকদিন ধরেই এমন স্থাপত্যকে সংরক্ষণ করার দাবি করছিলেন। তাই তাঁদের গুরুত্ব দিতেই সরকারের কাছে আবেদন জানিয়েছি। জেলাশাসকের মাধ্যমে রাজ্যের তথ্য ও সংস্কৃতি দফতরে আমার আবেদন পৌঁছে গিয়েছে বলে খবর পেয়েছি। আশা করছি রাজ্য সরকার উপযুক্ত পদক্ষেপ করবে।'

**কেকল্পনা ইন্ডাস্ট্রিজ (ইন্ডিয়া) লিমিটেড**
Kkalpana
CIN : L19202WB1985PLC039431
রেজিস্টার্ড অফিস : বি.কে মার্কেট, ১৬এ, শেক্সপিয়র সরণী, চতুর্থ তল, রুম নং-৩, কলকাতা - ৭০০০৭১
ফোন : ৯১-০৩৩-৪০৬৪ ৭৮৪৩
ই-মেল : kolkata@kkalpana.co.in, ওয়েবসাইট : www.kkalpanagroup.com

**কোম্পানির ৩৯তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে সদস্যদের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি**

**কর্পোরেট বিষয়ক মন্ত্রক ("এমসিএ") দ্বারা জারি ০৫.০৫.২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ২০/২০২০, ২৫.০৯.২০২৩ তারিখের জেনারেল সার্কুলার নং ০৯/২০২৩ (এখানে একত্রে এমসিএ সার্কুলার বলে উল্লেখ করা হচ্ছে) এবং সিকিওরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) -এর ১২.০৫.২০২০ তারিখের সার্কুলার নং - সেবি/এইচও/সিএফডি/সিএমডি১/সিআইআরপি/২০২০/৭৯ ও ০৭.১০.২০২৩ তারিখের সার্কুলার নং - সেবি/এইচও/সিএফডি-পিওডি২/পি/সিআইআর/২০২৩/১৬৭ (সম্মিলিতভাবে "সেবি সার্কুলারস" হিসাবে উল্লিখিত) অনুযায়ী কোম্পানির বার্ষিক সাধারণ সভা (এ জিএম) ভিডিও কনফারেন্সিং ("ভিসি") / অন্যান্য অডিও-ভিজুয়্যাল মাধ্যম ("ওএভিএম") এর মাধ্যমে কোনো শারীরিক উপস্থিতি ছাড়াই একটি সাধারণ স্থানে অনুষ্ঠিত হবে। কোম্পানীজ অ্যাক্ট ২০১৩ ("দ্য অ্যাক্ট") সহ দ্য সিকিওরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ (সেবি লিস্টিং রেগুলেশনস) এবং এমসিএ সার্কুলার অনুযায়ী কোম্পানীর ৩৯তম এজিএম ভিসি /ওএভিএম মাধ্যমে শুক্রবার ২৭ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে বিকাল ৪টায় (ভারতীয় সময়) অনুষ্ঠিত হবে। ৩৯তম এজিএম-এর প্রস্তাবিত সভার স্থল বি.কে মার্কেট, ১৬এ, শেক্সপিয়র সরণী, চতুর্থ তল, রুম নং-৩, কলকাতা - ৭০০০৭১।**

এছাড়াও কোম্পানীর রেজিস্টার অফ মেম্বারস ও শেয়ার ট্রান্সফার বুকস শনিবার ২১ সেপ্টেম্বর, ২০২৪ থেকে শুক্রবার ২৭ সেপ্টেম্বর, ২০২৪ (দুটি দিনই অন্তর্ভূক্ত (বুক ক্লোজারের তারিখ) পর্যন্ত বন্ধ থাকবে। এজিএম-এ অংশগ্রহণ করার যোগ্যতা নির্ধারণের কাট-অফ তারিখ হল ২০ সেপ্টেম্বর, ২০২৪।

এমসিএ সার্কুলার ও সেবি সার্কুলার অনুযায়ী এজিএম-এর বিজ্ঞপ্তি সহ রিমোট ই-ভোটিং / এজিএম-এ ই-ভোটিং-এর নির্দেশাবলী বৈদ্যুতিন মাধ্যমে সেই সব সদস্যদের যাদের ই-মেল আইডিত কোম্পানীর রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) / তাদের ডিপোজিটরি পার্টিসিপেন্ট (ডিপি)-এর কাছে নথিভূক্ত আছে তাদের পাঠিয়ে দেওয়া হয়েছে।

এই মর্মে, যেসব সদস্য ই-মেল আইডি ও / বা ব্যাঙ্ক ম্যানডেট কোম্পানী / আরটিএ / ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে নথিভুক্ত / আপডেট করাননি তাদের নিম্নোক্ত পদ্ধতি দেখতে অনুরোধ করা হচ্ছে :

ডিম্যাট মাধ্যমে শেয়ারের অধিকারী সদস্যদের
ডিম্যাটেরিয়ালাইজড মাধ্যমে শেয়ারের অধিকারীদের অনুরোধ করা হচ্ছে তাদের ই-মেল আইডি ও / বা ব্যাঙ্ক ডিটেলস তাদের ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে আপডেট করতে।

ফিজিক্যাল মাধ্যমে শেয়ারের অধিকারী সদস্যদের
ফিজিক্যাল মাধ্যমে শেয়ারের অধিকারী সদস্যদের অনুরোধ করা হচ্ছে যে, তাদের অনুরোধ কোম্পানীর আরটিএ, মেসার্স সিবি ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড-এর ই-মেল আইডি rta@cbmsl.com-এ মেল করতে হবে ও সাবজেক্ট লাইন দিতে হবে "ই-মেল রেজিস্ট্রেশন-কেকল্পনা ইন্ডাস্ট্রিস (ইন্ডিয়া) লিমিটেড"। ই-মেলে উল্লেখ করতে হবে :

ই-মেল আইডি রেজিস্ট্রেশন করার জন্য
ফোলিও নং
শেয়ারহোল্ডারের নাম (যেমন শেয়ার সার্টিফিকেটে আছে)
শেয়ার সার্টিফিকেটের স্ক্যান করা কপি
প্যান কার্ডের স্ক্যান করা সেলফ অ্যাটেস্টেড কপি
পাসপোর্ট / আধার / ভোটার কার্ডের স্ক্যান করা সেলফ অ্যাটেস্টেড কপি

কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর সেকশন ১০৩ অনুযায়ী এজিএম বিজ্ঞপ্তি কোম্পানীর ওয়েবসাইট https://kkalpanagroup.com/investor-relations/, বোম্বে স্টকএক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com ও ক্যালকাটা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.cse-india.com-এ পাওয়া যাবে। ভিসি / ওএভিএম-এর মাধ্যমে সভায় অংশগ্রহণ করতে হবে ও কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ এর সেকশন ১০৩ অনুযায়ী ভিসি/ওএভিএম মাধ্যমে হওয়া উক্ত সভার অংশগ্রহণকারী সদস্যরা কোরামের জন্য বিবেচিত হবে।

বৈদ্যুতিন মাধ্যমে রিমোট ই-ভোটিং পদ্ধতিতে (এজিএম-এর আগে) এবং ই-ভোটিং পদ্ধতিতে (এজিএম চলাকালীন) ভোট দেওয়ার জন্য প্রয়োজনীয় ভোট দেওয়ার নির্দেশাবলী এজিএম-এর বিজ্ঞপ্তিতে বিস্তারিত দেওয়া আছে। সদস্য যারা রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দিতে পারবেন না তারা এজিএম সভা চলাকালীন ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দিতে পারবেন। ই-ভোটিং-এর নির্দেশাবলী (রিমোট ও সভা চলাকালীন) এজিএম-এর বিজ্ঞপ্তিতে বিস্তারিত দেওয়া আছে।

যে ব্যক্তি শেয়ার ক্রয় করেছেন এবং এজিএম-এর বিজ্ঞপ্তি বৈদ্যুতিকভাবে পাঠানোর পর কোম্পানীর সদস্য হয়েছেন ও কাট-অফ তারিখে শেয়ার পেয়েছেন তারা ইজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত নিয়মাবলী দেখে তাদের লগ-ইন ও পাসওয়ার্ড সংগ্রহ করতে পারেন বা evoting@nsdl.co.in-এ ই-মেল করতে পারেন।

এমসিএ সার্কুলার ও সেবি সার্কুলার অনুসারে উপরোক্ত সমস্ত তথ্য কোম্পানীর সকল সদস্যের সুবিধার্থে জারি করা হয়েছে।

কেকল্পনা ইন্ডাস্ট্রিজ (ইন্ডিয়া) লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
স্বাতি বনসালি **(মেম্বারশিপ নং - ACS 52755)**
**কোম্পানী সচিব**

তারিখ : ২৭.০৮.২০২৪
স্থান : কলকাতা

**MLD ডালমিয়া ল্যামিনেটরস লিমিটেড**
CIN NO : L51491WB1986PLC040284
রেজিস্টার্ড অফিস : ১৩০, কটন স্ট্রীট, কলকাতা - ৭০০০০৭
ফোন : +৯১ ৩৩ ৪০৯২ ২৪১৫, ই-মেল : kolkata@mldgroup.in, ওয়েবসাইট : www.mldalmiagroup.com

**সদস্যদের উদ্দেশ্যে ৩৮ তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি**

প্রিয় সদস্যগণ,
(ক) বার্ষিক সাধারণ সভা
এতদ্বারা জানানো হচ্ছে যে, কোম্পানীর সদস্যদের ৩৮তম বার্ষিক সাধারণ সভা (এ জি এম), বৃহস্পতিবার ২৬ সেপ্টেম্বর, ২০২৪ সকাল ১০.৩০ টায় ১৪.০৮.২০২৪ তারিখের এজিএম-এর বিজ্ঞপ্তিতে ঘোষিত ব্যবসায়িক কার্যকলাপ সম্পাদনের জন্য ভিডিও কনফারেন্সিং (ভিসি)-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। কর্পোরেট বিষয়ক মন্ত্রক এবং সিকিওরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) সার্কুলার অনুযায়ী একটি সাধারণ স্থানে সদস্যদের শারীরিক উপস্থিতি ছাড়া ৩৮ তম বার্ষিক সাধারণ সভা ভিসি / ওএভিএম মাধ্যমে অনুষ্ঠিত হবে।
উপরোক্ত সার্কুলারের শর্ত মেনে ৩৮তম এজিএম-এর বিজ্ঞপ্তি সহ ৩১.০৩.২০২৪ তারিখে সমাপ্ত অর্থবর্ষের বোর্ড অফ ডিরেক্টর ও অডিটরদের রিপোর্ট, বার্ষিক নিরীক্ষিত রিপোর্ট (একত্রে বার্ষিক রিপোর্ট বলে উল্লিখিত) যে সব সদস্যদের ই-মেল আইডি কোম্পানী বা ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে নিবন্ধিত আছে, তাদের বৈদ্যুতিন মাধ্যমে পাঠিয়ে দেওয়া হবে। যাই হোক, যেসব সদস্যদের ই-মেল আইডি কোম্পানী / ডিপি'র কাছে নিবন্ধিত নেই, তারা এজিএম-এর বিজ্ঞপ্তি ও বার্ষিক রিপোর্ট কোম্পানীর ওয়েবসাইট অর্থাৎ www.mldalmiagroup.com থেকে ডাউনলোড করতে পারেন এবং এটি ক্যালকাটা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ www.cse-india.com-তেও উপলব্ধ।
সদস্যদের যাদের ই-মেল আইডি কোম্পানী / ডিপি'র কাছে নিবন্ধিত নেই তারা এজিএম এর বিজ্ঞপ্তি, বার্ষিক রিপোর্ট এবং ই-ভোটিং ইউজার আইডি ও পাসওয়ার্ড ই-মেলের মাধ্যমে পেতে তাদের ই-মেল নিবন্ধীকরণের জন্য লিখতে পারেন kolkata@mldgroup.in-তে। ই-মেল আইডি নিবন্ধীকরণের বিস্তারিত প্রক্রিয়া এবং এজিএম চলাকালীন ই-ভোটিং বা রিমোট ই-ভোটিংয়ের পদ্ধতি ও ই-ভোটিংয়ের ইউজার আইডি, পাসওয়ার্ড পেতে সদস্যদের অনুগ্রহ করে উপরোক্ত ওয়েবসাইটে উপলব্ধ এজিএম এর বিজ্ঞপ্তি দেখার জন্য বলা হচ্ছে।
সদস্যদের অনুগ্রহ করে ভিসি / ওএভিএম এর মাধ্যমে এজিএম-এ অংশগ্রহণ করার নির্দেশাবলীর জন্য এজিএম এর বিজ্ঞপ্তি দেখার অনুরোধ করা হচ্ছে।
(খ) রিমোট ই-ভোটিং
সদস্যদের এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত সমস্ত রেজোলিউশনের বিষয়ে বৈদ্যুতিন উপায়ে ভোটদানের পরিষেবা সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস লিমিটেড (সিডিএসএল) দেবে। ই-ভোটিং পদ্ধতির সূচনা হবে ২৩ সেপ্টেম্বর, ২০২৪ সকাল ৯টা ও সমাপ্ত হবে ২৫ সেপ্টেম্বর, ২০২৪, বিকাল ৫টায়। এই সময়ের মধ্যে কোম্পানীর শেয়ারহোল্ডাররা, যারা কাট অফ / এনটাইটেলমেন্ট তারিখ ১৯.০৯.২০২৪ এর হিসাবে ফিজিক্যাল বা ডিমেটেরিয়ালাইজড মাধ্যমে শেয়ার অধিকার করেছেন তারা বৈদ্যুতিন উপায়ে ভোট দিতে পারবেন। সদস্যরা যারা বৈদ্যুতিন উপায়ে ভোট দেননি এবং ভোটদান থেকে বিরত ছিলেন তারা এজিএম চলাকালীন ই-ভোটিং পরিষেবার মাধ্যমে তাদের ভোট দিতে পারবেন। কোম্পানী এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা করবে।
ভিসি মিটিং, রিমোট ই-ভোটিং এর বিষয়ে জিজ্ঞাসা / অভিযোগ / স্বচ্ছতা নিয়ে কোনো প্রশ্ন থাকলে এবং সদস্যরা যারা এজিএম এর বিজ্ঞপ্তি পাঠানোর পর কোম্পানীর শেয়ারের অধিকারী হয়েছেন এবং উপরে উল্লিখিত কাট অফ তারিখের হিসাবে শেয়ারের অধিকারী হয়েছেন তারা তাদের ডিপি আইডি / ক্লায়েন্ট আইডি / ফোলিও নং উল্লেখ করে রিমোট ই-ভোটিংয়ের জন্য লগ ইন আইডি ও পাসওয়ার্ড পেতে kolkata@mldgroup.in-তে ই-মেল করতে পারেন।

বোর্ড অফ ডিরেক্টরের আদেশানুসাকে
ডালমিয়া ল্যামিনেটরস লিমিটেড এর পক্ষে
স্বাক্ষর সুষমা সাউ, কোম্পানী সচিব

স্থান : কলকাতা
তারিখ : ২৭.০৮.২০২৪

**MLD বাতেলি টী কোম্পানী লিমিটেড**
CIN NO : L40100WB1919PLC003227
রেজিস্টার্ড অফিস : ১৩০, কটন স্ট্রীট, এ-৭, কলকাতা - ৭০০০০৭
ফোন : +৯১ ৩৩ ৪০৯২ ২৪১৫, ই-মেল : kolkata@mldgroup.in, ওয়েবসাইট : www.mldalmiagroup.com

**সদস্যদের উদ্দেশ্যে ১০৫ তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি**

প্রিয় সদস্যগণ,
(ক) বার্ষিক সাধারণ সভা
এতদ্বারা জানানো হচ্ছে যে, কোম্পানীর সদস্যদের ১০৫তম বার্ষিক সাধারণ সভা (এ জি এম), বৃহস্পতিবার, ২৬ সেপ্টেম্বর, ২০২৪ দুপুর ১২.৩০ টায় ১৪.০৮.২০২৪ তারিখের এজিএম-এর বিজ্ঞপ্তিতে ঘোষিত ব্যবসায়িক কার্যকলাপ সম্পাদনের জন্য ভিডিও কনফারেন্সিং (ভিসি)-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। কর্পোরেট বিষয়ক মন্ত্রক এবং সিকিওরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) সার্কুলার অনুযায়ী একটি সাধারণ স্থানে সদস্যদের শারীরিক উপস্থিতি ছাড়া ১০৫ তম বার্ষিক সাধারণ সভা ভিসি / ওএভিএম মাধ্যমে অনুষ্ঠিত হবে।
উপরোক্ত সার্কুলারের শর্ত মেনে ১০৫তম এজিএম-এর বিজ্ঞপ্তি সহ ৩১.০৩.২০২৪ তারিখে সমাপ্ত অর্থবর্ষের বোর্ড অফ ডিরেক্টর ও অডিটরদের রিপোর্ট, বার্ষিক নিরীক্ষিত রিপোর্ট (একত্রে বার্ষিক রিপোর্ট বলে উল্লিখিত) যে সব সদস্যদের ই-মেল আইডি কোম্পানী বা ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে নিবন্ধিত আছে, তাদের বৈদ্যুতিন মাধ্যমে পাঠিয়ে দেওয়া হবে। যাই হোক, যেসব সদস্যদের ই-মেল আইডি কোম্পানী / ডিপি'র কাছে নিবন্ধিত নেই, তারা এজিএম-এর বিজ্ঞপ্তি ও বার্ষিক রিপোর্ট কোম্পানীর ওয়েবসাইট অর্থাৎ www.mldalmiagroup.com থেকে ডাউনলোড করতে পারেন এবং এটি ক্যালকাটা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ www.cse-india.com-তেও উপলব্ধ।
সদস্যদের যাদের ই-মেল আইডি কোম্পানী / ডিপি'র কাছে নিবন্ধিত নেই তারা এজিএম এর বিজ্ঞপ্তি, বার্ষিক রিপোর্ট এবং ই-ভোটিং ইউজার আইডি ও পাসওয়ার্ড ই-মেলের মাধ্যমে পেতে তাদের ই-মেল নিবন্ধীকরণের জন্য লিখতে পারেন kolkata@mldgroup.in-তে। ই-মেল আইডি নিবন্ধীকরণের বিস্তারিত প্রক্রিয়া এবং এজিএম চলাকালীন ই-ভোটিং বা রিমোট ই-ভোটিংয়ের পদ্ধতি ও ই-ভোটিংয়ের ইউজার আইডি, পাসওয়ার্ড পেতে সদস্যদের অনুগ্রহ করে উপরোক্ত ওয়েবসাইটে উপলব্ধ এজিএম এর বিজ্ঞপ্তি দেখার জন্য বলা হচ্ছে।
সদস্যদের অনুগ্রহ করে ভিসি / ওএভিএম এর মাধ্যমে এজিএম-এ অংশগ্রহণ করার নির্দেশাবলীর জন্য এজিএম এর বিজ্ঞপ্তি দেখার অনুরোধ করা হচ্ছে।
(খ) রিমোট ই-ভোটিং
সদস্যদের এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত সমস্ত রেজোলিউশনের বিষয়ে বৈদ্যুতিন উপায়ে ভোটদানের পরিষেবা সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস লিমিটেড (সিডিএসএল) দেবে। ই-ভোটিং পদ্ধতির সূচনা হবে ২৩ সেপ্টেম্বর, ২০২৪ সকাল ৯টায় ও সমাপ্ত হবে ২৫ সেপ্টেম্বর, ২০২৪, বিকাল ৫টায়। এই সময়ের মধ্যে কোম্পানীর শেয়ারহোল্ডাররা, যারা কাট অফ / এনটাইটেলমেন্ট তারিখ ২৫.০৯.২০২৪ এর হিসাবে ফিজিক্যাল বা ডিমেটেরিয়ালাইজড মাধ্যমে শেয়ার অধিকার করেছেন তারা বৈদ্যুতিন উপায়ে ভোট দিতে পারবেন। সদস্যরা যারা বৈদ্যুতিন উপায়ে ভোট দেননি এবং ভোটদান থেকে বিরত ছিলেন তারা এজিএম চলাকালীন ই-ভোটিং পরিষেবার মাধ্যমে তাদের ভোট দিতে পারবেন। কোম্পানী এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা করবে।
ভিসি মিটিং, রিমোট ই-ভোটিং এর বিষয়ে জিজ্ঞাসা / অভিযোগ / স্বচ্ছতা নিয়ে কোনো প্রশ্ন থাকলে এবং সদস্যরা যারা এজিএম এর বিজ্ঞপ্তি পাঠানোর পর কোম্পানীর শেয়ারের অধিকারী হয়েছেন এবং উপরে উল্লিখিত কাট অফ তারিখের হিসাবে শেয়ারের অধিকারী হয়েছেন তারা তাদের ডিপি আইডি / ক্লায়েন্ট আইডি / ফোলিও নং উল্লেখ করে রিমোট ই-ভোটিংয়ের জন্য লগ ইন আইডি ও পাসওয়ার্ড পেতে kolkata@mldgroup.in-তে ই-মেল করতে পারেন।

বোর্ড অফ ডিরেক্টরের আদেশানুসারে
বাতেলি টী কোম্পানী লিমিটেড এর পক্ষে
স্বাক্ষর অভিষেক সাউ, কোম্পানী সচিব

স্থান : কলকাতা
তারিখ : ২৭.০৮.২০২৪